দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 21 SEP 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ...

# শিক্ষার্থী না চিনলে স্কুলের এমপিও বাতিল : শিক্ষামন্ত্রী

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কোনো শিক্ষক যদি তার প্রতিষ্ঠানের শিক্ষার্থীকে না চেনেন তবে ওই স্কুলের এমপিও বাতিল করা হবে। আর শিক্ষার্থী না চেনা শিক্ষকের চাকরিও সরকারিকরণ হতে দেয়া হবে না। তার শিক্ষক হওয়ার কোনো যোগ্যতা নেই।' মঙ্গলবার রাজশাহী মেডিক্যাল কলেজ (রামেক) মিলনায়তনে 'শিক্ষার উন্নত পরিবেশ, জঙ্গিবাদ 'মুক্ত শিক্ষাঙ্গন' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

রাজশাহী শিক্ষাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর আবুল কালাম আজাদের সভাপ্রতিত্বে বিশেষ অতিথির বক্তব্য দেন রাজশাহী সদর আসনের সংসদ সদস্য ফজলে হোসেন বাদশা, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সোহরাব হোসেন, অতিরিক্ত সচিব এসএম এহসান কবীর ও চৌধুরী মুফাদ আহমেদ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক প্রফেসর শামসুল হুদা, ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের চেয়ারম্যান মাহবুবুর রহমান, ভারপ্রাপ্ত রাজশাহী বিভাগীয় কমিশনার মনির হোসেন ও ডিসি কাজী আশরাফ উদ্দিন প্রমুখ। সভায় রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন রাজশাহী বিভাগের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ অংশ নেন।